# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৫৭২১

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - সৃষ্টির সূচনা ও নবী-রাসূলদের আলোচনা

الفصل الاول (بَاب بدءالخلق وَذِكْرِ الْأَنْبِيَاءِ عَلَيْهِمُ الصَّلَاةُ وَالسَّلَامُ)

আরবী

وَعَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «كَانَ زَكَرِيَّاء نجارا» . رَوَاهُ مُسلم

رواه مسلم (169 / 2379)، (6162) ـ

(صَحِيح)

বাংলা

৫৭২১-[২৪] উক্ত রাবী [আবূ হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) বলেছেন: যাকারিয়া আলায়হিস সালাম ছুতোর (কাঠ) মিস্ত্রি ছিলেন। (মুসলিম)

ফুটনোট

সহীহঃ মুসলিম ১৬৯-(২৩৭৯)।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (نجارا) কাঠমিস্ত্রী। অর্থাৎ তিনি কাঠ কাটতেন এবং তা দিয়ে বস্তু তৈরি করে নিজ হাতে উপার্জন করে খেতেন। মুল্লা ‘আলী (রহিমাহুল্লাহ) বলেন, এই হাদীস এবং পূর্বে বর্ণিত দাউদ আলায়হিস সালাম-এর কর্মের হাদীস থেকে প্রমাণিত হয় যে, উপার্জন করা নবীদের সুন্নাত। এটা আল্লাহ তা'আলার ওপর ভরসার পরিপন্থী নয়। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85697

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন